পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
(অফিস) ৮৬১৩২৮০
৯৬৬১৯০০-৫৯/৪০৭৫
ফ্যাক্স: ৮৮-০২-৯৬৬৭২২২

OFFICE OF THE CONTROLLER OF EXAMINATIONS
UNIVERSITY OF DHAKA
DHAKA-1000, BANGLADESH
Phone : (off.) 8613280
9661900-59/4075
Fax : 88-02-9667222
E-mail :examcontrollera7c@du.ac.bd

মেমো নং: ১৭৬৩/শা-২(ক)/প.

তারিখ: ০৭ মাঘ ১৪৩২
২১ জানুয়ারি ২০২৬

১। অধ্যক্ষ, ঢাকা কলেজ, ধানমন্ডি, ঢাকা।
২। অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, আজিমপুর, ঢাকা।
৩। অধ্যক্ষ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, বকশীবাজার, ঢাকা।
৪। অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজ, মিউনিসিপ্যাল স্ট্রীট, ঢাকা।
৫। অধ্যক্ষ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ, লক্ষ্মীবাজার, ঢাকা।
৬। অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, মিরপুর, ঢাকা।
৭। অধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ, মহাখালী, ঢাকা।

## ২০২৩ সনের অনার্স ২য় বর্ষ বিশেষ (পুরাতন সিলেবাস, ২০১৭-১৮ শিক্ষা বর্ষের পূর্বে) মানোন্নয়ন পরীক্ষার ফরমপূরণের বিজ্ঞপ্তি।

মহোদয়,

পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত সরকারি সাত (০৭) কলেজের **২০১৬-১৭ শিক্ষাবর্ষের মানোন্নয়ন এছাড়াও মেয়াদ উত্তীর্ণ শিক্ষার্থীরা অর্থাৎ ২০০৯-১০, ২০১০-১১, ২০১১-১২, ২০১২-১৩, ২০১৩-১৪, ২০১৪-১৫, ২০১৫-১৬ শিক্ষাবর্ষের (যদি আলোচ্য পরীক্ষায় উল্লিখিত শিক্ষাবর্ষের কোন শিক্ষার্থীর F গ্রেড অথবা Absent থাকে এমন)** শিক্ষার্থীদের অনলাইনে আবেদন ফরমপূরণ, সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষের আনুষঙ্গিক কার্যক্রম ও শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো। পরীক্ষার বিস্তারিত সময়সূচি পরবর্তীতে সংশ্লিষ্ট সকলকে জানানো হবে।

| ক্র. নং | পরীক্ষার্থীদের ফি এর বিবরণ | ফি এর পরিমান | পরীক্ষার্থী কর্তৃক অনলাইনে আবেদন শুরু এবং জমা দেওয়ার শেষ তারিখ | কলেজ কর্তৃক ভেরিফিকেশনের শেষ তারিখ- | ঢাকা বিশ্ববিদ্যালয়ে ব্যাংক ড্রাফ্ট ও অন্যান্য কাগজপত্র জমা দেওয়ার শেষ তারিখ |
|---|---|---|---|---|---|
| ০১ | তত্ত্বীয় পরীক্ষার ফি (প্রতি পত্র) | ২০০/- | অনলাইনে আবেদনের শুরু তারিখ- **২২/০১/২০২৬**<br>ফরম জমা দেওয়ার শেষ তারিখ- **৩১/০১/২০২৬** | ০২/০২/২০২৬ | ০৩/০২/২০২৬ |
| ০২ | তত্ত্বীয় পরীক্ষার ফি (প্রতি অর্ধ পত্র) | ১৪০/- | | | |
| ০৩ | ব্যবহারিক (প্রতি পত্র/কোর্স) | ২০০/- | | | |
| ০৫ | মৌখিক পরীক্ষার ফি (প্রযোজ্য ক্ষেত্রে) | ২০০/- | | | |
| ০৬ | কেন্দ্র ফি- তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী– কলেজে জমা হবে।<br>১. কলেজের জন্য- ৩০০/-<br>২. কেন্দ্রের জন্য- ৪৫০/- | ৭৫০/- | | | |
| ০৭ | কেন্দ্র ফি- ব্যবহারিক (প্রতি পরীক্ষার্থী) কলেজে জমা হবে | ১২০/- | | | |
| ০৮ | বিশেষ অন্তর্ভুক্তি ফি (মানোন্নয়ন প্রতি পরীক্ষার্থীর জন্য কোর্স ফি'র অতিরিক্ত) | ৩০০/- | | | |
| ০৯ | শুধুমাত্র ইংরেজি (আবশ্যিক) পরীক্ষার্থীদের ক্ষেত্রে-বিশেষ অন্তর্ভূক্তি ফিসহ (৫০০+৩০০) = ৮০০/- হবে | ৮০০/- | | | |

## পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী:

### মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য

২০১৬-১৭ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থীদের অনার্স ২য় বর্ষে এক বা একাধিক কোর্সে **F** গ্রেড ও **Absent** রয়েছে তারা ২০২৩ সনের অনার্স ২য় বর্ষ বিশেষ (পুরাতন সিলেবাস) পরীক্ষায় শুধুমাত্র **F** গ্রেড প্রাপ্ত ও **Absent** কোর্স/ কোর্সসমূহে মানোন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

### শিক্ষাবর্ষের মেয়াদ উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য

২০০৯-১০, ২০১০-১১, ২০১১-১২, ২০১২-২০১৩, ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫, ২০১৫-১৬ সনের যে সকল শিক্ষার্থীর ২য় বর্ষে এক বা একাধিক কোর্সে **F** গ্রেড ও **Absent** আছে সে সকল পরীক্ষার্থী আলোচ্য পরীক্ষায় শুধুমাত্র **F** গ্রেড ও **Absent** কোর্সে ৫,০০০/- টাকা জরিমানা (ফরম পূরণ ফি এর অতিরিক্ত) প্রদান সাপেক্ষে ২০২৩ সনের অনার্স ২য় বর্ষ বিশেষ (পুরাতন সিলেবাস) পরীক্ষায় মানোন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

**## কেবলমাত্র ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন নম্বর প্রাপ্ত শিক্ষার্থীরাই উক্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে ##**

### আবেদন ফরম, বিবরণী ফরম, ফি জমাদান ফরম সংগ্রহ ও অন্যান্য নিয়মাবলী

**অনলাইনে আবেদন ফরমপূরণ (শিক্ষার্থীদের জন্য):**

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (7college.du.ac.bd) **Form Fill-up** বাটনে ক্লিক করে/ https://student.7college.du.ac.bd/ নিজের রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে লগইন করে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী (৭ কলেজের ওয়েবসাইটে প্রদত্ত ফরমপূরণের নির্দেশনাবলী অনুযায়ী) নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইনে সাবমিট করে এন্ট্রি ফরম প্রিন্ট করে নিতে পারবে। পূরণকৃত এন্ট্রি ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয় সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলী উল্লেখ থাকবে। **অনলাইনে ফরম পূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই কলেজ কর্তৃক ভেরিফাই করার পূর্ব পর্যন্ত সংশোধন করতে পারবে এবং সংশোধন করার পর অবশ্যই সাবমিট করতে হবে।**

খ) প্রিন্টকৃত ফরমে (এন্ট্রি ফরম) শিক্ষার্থী স্বাক্ষর করে কলেজ **অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ** স্বাক্ষর করার পর ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/ সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে **০১/০২/২০২৬** তারিখের মধ্যে শিক্ষার্থীর পূর্বের তথ্যসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩২২ নং কক্ষে জানাতে পারবে।

### কলেজের জন্য করণীয়:

ক) ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের ডাটা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটের (7College.du.ac.bd) **Form Fill-up** লিংক এ গিয়ে কলেজ লগ ইন করে "আন ভেরিফাইড" লিস্ট এ পাওয়া যাবে। শিক্ষার্থী কর্তৃক পূরণকৃত ফরম দেখে ডাটা এন্ট্রি সঠিক হলে এবং শিক্ষার্থীর ফরমপূরণের ফি জমা সম্পন্ন হয়ে থাকলে এবং শিক্ষার্থী ২০২৩ সনের অনার্স ২য় বর্ষ বিশেষ (পুরাতন সিলেবাস ২০১৭-১৮ শিক্ষাবর্ষের পূর্বে) ফরমপূরণের শর্তাবলী (পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী) পূরণ করলে তা নিশ্চিত হয়ে কলেজ কর্তৃপক্ষ ভেরিফাই করতে হবে। এভাবে সকল পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি ভেরিফাই হওয়ার পর পরীক্ষার্থীর বিবরণী প্রিন্ট করে অধ্যক্ষ স্বাক্ষর করবেন।

খ) পূরণকৃত আবেদন পত্রে রেজিস্ট্রেশন বিবরণী অনুযায়ী শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড সঠিক আছে কি-না তা যাচাই পূর্বক অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বাক্ষর করবেন। ভুল তথ্য প্রদানের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না।

বি:দ্র: নির্ধারিত তারিখের পর ফরম পূরণের সুযোগ থাকবে না এবং বিলম্ব ফরমপূরণের আবেদন গ্রহণ করা হবে না। শিক্ষাবর্ষের মেয়াদ শেষ হওয়ায় পরবর্তীতে ২য় বর্ষের (২০১৭-১৮ শিক্ষা বর্ষের পূর্বের শিক্ষার্থীদের) আর কোনো পরীক্ষা অনুষ্ঠিত হবে না। বিষয়টি গুরুত্বসহ সকলকে অবহিত করতে হবে।

**ফি জমাদানের পদ্ধতি:**

২০২৩ সালের অনার্স ২য় বর্ষ বিশেষ (পুরাতন সিলেবাস) পরীক্ষার সকল পরীক্ষার্থীদের ফিসের টাকা কলেজ কর্তৃপক্ষ "Seven College Student fees" **শিরোনামে হিসাব নং: ৪৪০৫৭০৩০০০০৯৪- এ সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে -অর্ডার করে জমা দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হতে হবে।** এছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুসারে প্রতিটি ফরমের মূল্য ১০০/- (একশত টাকা) যা কলেজ কর্তৃপক্ষ "CONTROLLER OF EXAMINATIONS" শিরোনামে হিসাব নং:-33011288 (সোনালী ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্পোরেট শাখা) এই নামে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে-অর্ডারকরে জমা দিতে হবে, ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হতে হবে। কলেজ কর্তৃপক্ষ তাদের খরচ হিসেবে ৫০/- (পঞ্চাশ টাকা) করে (শিক্ষার্থী প্রতি) আদায় করবে। ফরমপূরণের পূর্ণাঙ্গ হিসাব বিবরণীর সফট কপি ই-মেইলে প্রেরণ করতে হবে এবং প্রিন্ট কপি অধ্যক্ষ মহোদয় কর্তৃক স্বাক্ষর করে ব্যাংক ড্রাফটসহ ৩২২ নং কক্ষে জমা দিতে হবে।

**ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণ:**

২০২৩ সনের ২য় বর্ষ বিশেষ (পুরাতন সিলেবাস ২০১৭-১৮ শিক্ষাবর্ষের পূর্বে) পরীক্ষার্থীদের পূরণকৃত ফরম কলেজ কর্তৃক ভেরিফাই করার সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশনের বিপরীতে প্রাপ্ত নম্বর এন্ট্রি করতে হবে। উক্ত নম্বরপত্রের ০১ (এক) কপি নম্বরপত্র সংশ্লিষ্ট শাখার উপ-পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট প্রেরণ করতে হবে। উক্ত নম্বরপত্রের ০১ (এক) কপি এবং ইনকোর্স পরীক্ষার খাতা সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অফিসে সংরক্ষণ করতে হবে (প্রয়োজন সাপেক্ষে পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসে প্রেরণ করতে হবে) ।

**ব্যবহারিক/মৌখিক পরীক্ষা(প্রযোজ্য ক্ষেত্রে):**

ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার তারিখ ও সময় তত্ত্বীয় পরীক্ষা শেষে যথাসময়ে জানানো হবে।

আপনার বিশ্বস্ত

(ড. হিমাদ্রি শেখর চক্রবর্তী)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
ঢাকা বিশ্ববিদ্যালয়
Email: examcontrollera7c@du.ac.bd

21.01.2026